THE CHRISTCHURCH FOUNDATION

The Christchurch Foundation
Level 3, BNZ Centre
101 Cashel Street, PO Box 17
Christchurch 8140, New Zealand

+64 27 620 3208
enquiries@christchurchfoundation.org.nz

আমাদের জনতা, আমাদের শহরের তহবিল (আওয়ার পিপ্ল, আওয়ার সিটি ফান্ড)

পটভূমি

আমাদের স্মৃতিতে 15ই মার্চ খোদাই হয়ে রয়েছে। ক্রাইস্টচার্চ ফাউন্ডেশন গঠিত হওয়ার অন্যতম প্রাথমিক কারণ ছিল বিপর্যয়ের সময়ে সাড়া দেওয়া। কেউ স্বপ্নেও ভাবেননি যে দ্য ফাউন্ডেশনকে সেই ভূমিকা পালনে খুব তাড়াতাড়ি ডাকা হবে। হামলার কয়েক ঘন্টার মধ্যেই মেয়র এবং মুখ্যমন্ত্রী আক্রান্তদের জন্য তহবিল সংগ্রহ করার উদ্দেশ্যে আমাদেরকে তাঁদের তরফে কাজ করতে বলেন। আওয়ার পিপ্ল, আওয়ার সিটি ফান্ড 16ই মার্চে শুরু হয়। পৃথিবীর সব প্রান্তের উদার ব্যক্তি, ব্যবসা এবং দেশগুলির কাছে হামলায় ক্ষতিগ্রস্ত মানুষদের সাহায্য করার কাজটিকে সহজ করতে আমরা কঠোর পরিশ্রম করেছি।

$11 মিলিয়নেরও বেশি পরিমাণ অর্থ এবং অঙ্গীকারপত্র আমরা পেয়েছি। এটা বোঝা গুরুত্বপূর্ণ যে এই তহবিলগুলী ক্ষতিপূরণ, পুনরুদ্ধার বা প্রতিদান নয়। এগুলি হল উপহার যা ভালোবাসা এবং সহায়তার প্রতীক।

হামলার অবিলম্বিত প্রতিক্রিয়া হিসাবে দ্য ক্রাইস্টচার্চ ফাউন্ডেশন আমাদের দাতা এবং আক্রান্তদেরকে নিম্নলিখিত প্রতিশ্রুতিগুলি দিয়েছিল:

1. আমরা আমাদের দাতাদের ইচ্ছাগুলিকে সম্মান করব
2. আক্রান্তদের দীর্ঘকালীন সাহায্যমূলক মাধ্যম প্রদান করার বিষয়ে আমরা জোর দেব
3. সর্বোত্তম সুবিধা পৌঁছে দিতে তহবিলকে কীভাবে ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে আমরা আক্রান্তদের কাছ থেকে উপদেশ চাইব।

দ্য ক্রাইস্টচার্চ ফাউন্ডেশনের পুঁজির তত্ত্বাবধায়কদের/ট্রাস্টিদের দ্বারা অনুমোদিত তহবিল কীভাবে বন্টন করা হবে, আমাদের সেই সিদ্ধান্তে উপনীত হওয়ার পদ্ধতি এবং এখন কী হবে সেই বিষয়ে এই নথিটি একটি রূপরেখা দিয়েছে।

$11 মিলিয়নের মধ্যে, $2 মিলিয়ন বন্টন করা হয়ে গেছে (সেন্ট জন-এর জন্য দু'টি অ্যাম্বুলেন্স, নিকটাত্মীয় প্রিন্স আল-ওয়ালিদ বন্টন থেকে),$9 মিলিয়ন বাকি রয়েছে। এই $9 মিলিয়নের মধ্যে, দাতারা একটি শিক্ষা তহবিলে $1.5 মিলিয়ন, অ্যাব্রাহামিক তহবিলে $1 মিলিয়ন এবং গুরুতর আহতদের জন্য মেডিকেল সাপোর্ট তহবিলে $0.4 মিলিয়ন বরাদ্দ করেছেন।

শোনার প্রকল্প

এটা গুরুত্বপূর্ণ যে বাকি $6 মিলিয়ন কীভাবে বন্টন করা হবে তা স্থির করতে মুসলিম সম্প্রদায় সাহায্য করেছে। কাজটিকে সহজতর করতে, মূল পরিকল্পনা ছিল এই যে সম্প্রদায়ের সদস্যদের নিয়ে একটি উপদেষ্টামূলক গোষ্ঠী গঠন করা যাঁরা সুপারিশ প্রদান করবেন, তবে আলোচনায় এটা পরিষ্কার হয়ে যায় যে সম্প্রদায়টি আরও বেশি সরাসরি পথ পছন্দ করছে। সম্প্রদায়ের উপদেশ/ফিডব্যাক সংগ্রহ করতে এবং তহবিল কীভাবে বন্টন করা হবে সেই সম্পর্কে সুপারিশ দিতে প্রাক্তন ক্রাইস্টচার্চ সিটি কাউন্সিলর রাফ মানজি দ্য ফাউন্ডেশনের স্বাধীন উপদেষ্টার ভূমিকা পালন করেন।

উপদেষ্টামূলক উল্লেখের শর্তাবলী

- আক্রান্তদের, এবং সমগ্র সম্প্রদায়ের চিহ্নিত প্রয়োজনীয়তাগুলি পূরণে তহবিল বন্টনের শ্রেষ্ঠ উপায় সুপারিশ করুন।
- নিশ্চিত করুন যেন যাঁরা মারা গেছেন অথবা গুরুতরভাবে জখম হয়েছেন (সারাজীবনের জন্য ক্ষতিগ্রস্ত) তাঁদের শিশুদের দীর্ঘতর সময়ের প্রয়োজনীয়তাগুলি (শিক্ষা এবং প্রশিক্ষণের উপরে গুরুত্বসহ) পূরণ হয়।
- নিশ্চিত করুন যাতে বন্টন এমন ব্যয়কে পূরণ করে যা ইতিমধ্যে The Crown-এর দ্বারা পূরণ হয়নি।
- মুসলিম সম্প্রদায়ের মতামতগুলি যাতে গুরুত্ব পায় এবং সেগুলি যেন সুপারিশগুলিতে অন্তর্ভুক্ত হয়।

দ্রষ্টব্য: বন্টনের বিশেষ সুপারিশগুলির বিবেচনায় রাফকে তথ্য দিতে এবং সাহায্য করতে বিশেষজ্ঞ এবং উপদেষ্টাদের একটি বড় অংশও মূল্যবান অতিরিক্ত সহায়তা প্রদান করেন। আরও তথ্যের জন্য দুই নম্বর পৃষ্ঠা দেখুন।

আলোচনার ব্যবস্থা করা হয়

- নিকটাত্মীয়
- বুলেটে আঘাতপ্রাপ্ত
- সাক্ষী
- সামগ্রিক মুসলিম সম্প্রদায়
- ক্যান্টারবেরি ডিস্ট্রিক্ট হেলথ বোর্ড
- মুসলিম অ্যাসোসিয়েশন অফ ক্যান্টারবেরি
- FIANZ
- ডিপার্টমেন্ট ইন্টারনাল অ্যাফেয়ার্স
- মিনিস্ট্রি অফ সোশ্যাল ডেভেলপমেন্ট
- আক্রান্তদের সহায়ক
- নিউজিল্যান্ড পুলিশ
- ACC
- অ্যান-মুর চাইল্ডকেয়ার সেন্টার
- EMDR থেরাপি গ্রুপ
- বিশেষজ্ঞ পেশাদার উপদেষ্টা
- নাওয়াওয়ি সেন্টার
- 51 লাইভস্ প্রোজেক্ট
- বিজ্নেস রিকভারি (MBIE)
- ডিপার্টমেন্ট অফ্ প্রাইম মিনিস্টার অ্যান্ড ক্যাবিনেট
- ইমিগ্রেশন নিউজিল্যান্ড
- অ্যাব্রাহামিক ফান্ডস্ ইন্ডিভিজ্যুয়ালস্
- মেন্টাল হেলথ অ্যান্ড নিউট্রিশন ল্যাব

আন্তর্জাতিক বৈঠক

- ন্যাশনাল জাকাত ফাউন্ডেশন, UK
- লন্ডন এমারজেন্সিজ্ ট্রাস্ট
- কেন্সিংটন অ্যান্ড চেলসি ফাউন্ডেশন
- UK ন্যাশনাল এমারজেন্সিজ্ ট্রাস্ট

সময়সূচী

জুলাই	অগাস্ট – অক্টোবরের মাঝামাঝি সময়	নভেম্বরের শুরুতে	নভেম্বরের মাঝামাঝি সময়	নভেম্বরের শেষের দিকে
স্বাধীন উপদেষ্টা এবং পদ্ধতির ঘোষণা	শোনার প্রকল্প আলোচনার সময়	পুঁজি তত্ত্বাবধায়কদের/ট্রাস্টিদের প্রতি সুপারিশ	পরবর্তী পদক্ষেপ এবং কার্যকলাপের বিষয়ে সিদ্ধান্ত নিতে পুঁজি তত্ত্বাবধায়কদের/ট্রাস্টিদের বৈঠক	সিদ্ধান্তের ঘোষণা

THE CHRISTCHURCH FOUNDATION

The Christchurch Foundation
Level 3, BNZ Centre
101 Cashel Street, PO Box 17
Christchurch 8140, New Zealand

+64 27 620 3208
enquiries@christchurchfoundation.org.nz

সুপারিশের ভিত্তি

- এই নথিতে যে সুপারিশগুলির রূপরেখা দেওয়া হয়েছে সেগুলি প্রকল্পের উল্লেখের শর্তাবলীর প্রয়োজনীয়তাগুলিকে পূরণ করে, আক্রান্তদের চাহিদাগুলিকে অন্তর্ভুক্ত করে এবং তিন মাস সময়কালে সম্প্রদায়ের সঙ্গে সংঘটিত আলোচনাগুলিকে প্রতিফলিত করে।
- 20শে নভেম্বর, 2019-এ ক্রাইস্টচার্চ ফাউন্ডেশনের ট্রাস্টিদের দ্বারা আয়োজিত বিশেষ বৈঠকে এই সুপারিশগুলি গৃহীত হয়। সুপারিশগুলির উপরে ভিত্তি করে অবিলম্বে কাজ শুরু করার কথা প্রধান কার্যনির্বাহীকে বলা হয়েছে।
- প্রকল্পে বন্টন স্থির করা এবং সুপারিশ তৈরি করার পদ্ধতিটি পুনরাবৃত্তিমূলক ছিল। অর্থাৎ একই ব্যক্তি এবং গোষ্ঠীদের নিয়ে একাধিকবার বৈঠক করা হয়েছে (মোট 160-এর বেশি আলোচনা), সমস্যাটিকে বিভিন্ন দিক থেকে পরীক্ষা করা হয়, এবং অনুমান এবং বিশ্বাসগুলিকে সেই সময়েই পরীক্ষা এবং প্রশ্নের সম্মুখীন করা হয়। সমস্ত সমস্যাকে তুলে ধরতে, তা নিয়ে জনসমক্ষে আলোচনা এবং বিতর্ক করতে এই পদ্ধতিটি সাহায্য করে।
- শোনার প্রকল্পের পদ্ধতি, বন্টন এবং সুপারিশগুলি আন্তর্জাতিক গবেষণা এবং প্রাপ্ত অভিজ্ঞতার দ্বারাও সমৃদ্ধ হয়, যেমন 2017-র ম্যাঞ্চেস্টার অ্যারেনার বোমাবর্ষণ, 2017-র গ্রেনফেল টাওয়ারের অগ্নিকান্ড এবং 2018-র টরোন্টো ভ্যান হামলার[1] তহবিল বন্টনের অভিজ্ঞতা। সকল গবেষণা দেখিয়েছে যে আক্রান্তদের শনাক্ত করা, তারপরে ক্ষতির ভিত্তিতে আক্রান্তদের শ্রেণীভুক্ত করার চেষ্টায় সমস্ত সংস্থা একইরকম পদ্ধতি অনুসরণ করে।
- সব গবেষণা এবং অভিজ্ঞতা আক্রান্তদের সংজ্ঞা বা শ্রেণীবিভাগ নির্ণয় করায় অসুবিধা এবং এই সংজ্ঞার বিষয়ে নমনীয় হওয়ার প্রয়োজনীয়তার সম্বন্ধে আলোচনা করেছে। প্রত্যেক ব্যক্তি বিভিন্ন ভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে - এই কথা স্বীকার করে আক্রান্তদের কীভাবে সবথেকে ভালোভাবে সাহায্য করা যায় সেটাই সবসময়ের লক্ষ্য। যে বিষয়টি পরিষ্কার ছিল তা হল এই যে নির্ভরশীল সন্তানসহ বিধবা এবং বিশেষ ও গুরুতর আঘাতপ্রাপ্ত ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া কারণ উভয় গোষ্ঠী সেরে ওঠার পথে বাধার সম্মুখীন হচ্ছিল।
- গণবন্টন দাতা এবং জনসাধারণের জন্য স্বচ্ছতা প্রদান করে, যা তহবিল সঠিক স্থানে যাচ্ছে কিনা তা তাঁদের দেখার সুযোগ দেয়, তবে তা বিভিন্ন প্রাপক গোষ্ঠীর মধ্যে দুশ্চিন্তার সৃষ্টিও করতে পারে। এই কারণে, প্রতি শ্রেণীবিভাগে প্রতি ব্যক্তিকে প্রদত্ত মূল অর্থ জনসমক্ষে আনা হবে এবং উদ্দেশ্যমূলক সহায়তা গোপন থাকবে। এটি স্বচ্ছতা এবং গোপনীয়তার মধ্যবর্তী সূক্ষ্ম ভারসাম্যকে চিহ্নিত এবং স্বীকার করে।
- উদ্দেশ্যমূলক সহায়তা আক্রান্তদের নিম্নলিখিত গোষ্ঠীগুলিকে তহবিল প্রদান করবে:
  - হামলার সময়ে 18 বছর বয়সের নীচে থাকা শিশুসহ বিধবা এবং বিপত্নীক
  - গুরুতর জখম, তাঁদের জন্য যাঁরা দীর্ঘকালীন প্রতিবন্ধকতা এবং/অথবা এখনও অসুবিধার মধ্যে রয়েছেন বলে বিবেচিত
  - আক্রান্তদের বৃহত্তর গোষ্ঠীর জন্য আর্থিক সহায়তা যাঁরা হামলার ফলস্বরূপ এখনও আর্থিক দুরাবস্থার মধ্যে রয়েছেন
  - মৃত ব্যক্তিদের শিশু এবং বুলেটে আহত শিশুদের শিক্ষা তহবিল যারা হামলার সময়ে 18 বছর বয়সের নীচে ছিল
- একটি সম্প্রদায় সহায়তা তহবিল (কমিউনিটি সাপোর্ট ফান্ড) এমন অনুষ্ঠান এবং উদ্যোগে স্বল্পকালীন অর্থ প্রদান করবে যা সম্প্রদায়ের সামর্থ্য এবং সংযোগ গড়ে তুলবে, যুবকদের উন্নতিতে অবদান রাখবে এবং সম্প্রদায়ের সংস্থা এবং যোগাযোগ ব্যবস্থাগুলির মধ্যে আস্থা এবং সহযোগিতা স্থাপনে সাহায্য করবে। আশা করা হচ্ছে যে কেন্দ্র এবং আঞ্চলিক সরকার, অন্যান্য আর্থিক সহায়তাকারী সংস্থাগুলির সঙ্গে, সামগ্রিক সম্প্রদায়ের জন্য দীর্ঘকালীন সাহায্য প্রদান করবে।

  এই তহবিলগুলি আক্রান্তদের তাঁদের ভবিষ্যত সম্পর্কে পরিকল্পনা শুরু করতে সাহায্য করলেও আরও বাধা আসবে। অভিবাসন, কর্মসংস্থান, রোজগারে সহায়তা, বাসস্থান এবং মানসিক স্বাস্থ্যের সহায়তা ঘটমান, চিন্তামূলক উদ্বেগ হবে বলে মনে করা হয়।

[1] গ্রেনফেল অগ্নিকান্ড, ম্যাঞ্চেস্টার অ্যারেনা, লন্ডন বোমাবর্ষণ, টরোন্টো হামলার সম্পর্কে রিপোর্টগুলি দেখুন যা উপলব্ধ রয়েছে www.christchurchfoundation.org/news -এ

THE CHRISTCHURCH FOUNDATION

The Christchurch Foundation
Level 3, BNZ Centre
101 Cashel Street, PO Box 17
Christchurch 8140, New Zealand

+64 27 620 3208
enquiries@christchurchfoundation.org.nz

আক্রান্তদের তহবিল

$7 মিলিয়ন

› হামলায় সরাসরি ক্ষতিগ্রস্ত আক্রান্তদের অর্থ সাহায্য
› পাঁচটি তহবিলে বিভক্ত:

1. **শহীদ তহবিল** $3.57 মিলিয়ন: শহীদদের (মৃত) প্রত্যেকের নিকটাত্মীয়কে $70,000 যত তাড়াতাড়ি সম্ভব বন্টন করা হবে
2. **বুলেটে আহতদের তহবিল** $1 মিলিয়ন: বুলেটে আহত আক্রান্তদের প্রত্যেককে $25,000 যত তাড়াতাড়ি সম্ভব বন্টন করা হবে
3. **শিশু এবং বিধবাদের সহায়তা তহবিল:** $1.375 মিলিয়ন বন্টন করা হবে
4. **মেডিকেল সহায়তা তহবিল:** গুরুতর আঘাতপ্রাপ্ত ব্যক্তিদের দরকারে উপলব্ধ $400,000। আঘাতের শ্রেণীবিভাগের ভিত্তিতে বন্টন করা হবে
5. **দুরাবস্থা তহবিল:** মসজিদ হামলার কারণে এখনও আর্থিক দুরাবস্থার মধ্যে রয়েছেন এমন ব্যক্তিদের দরকারে উপলব্ধ $500,000। মসজিদে উপস্থিত থাকা এবং আর্থিক দুরাবস্থার প্রমাণের ভিত্তিতে বন্টন করা হবে।

ক্যান্টারবেরি বিশ্ববিদ্যালয়

শিক্ষা তহবিল

$1.5 মিলিয়ন

› উচ্চশিক্ষা এবং স্কুল-পরবর্তী প্রশিক্ষণে সহায়তা
› মৃত ব্যক্তিদের শিশু এবং বুলেটে আহত শিশুদের জন্য যারা হামলার সময়ে 18 বছর বয়সের নীচে ছিল
› অন্যান্যরা যদি দান করতে চান তবে দান এবং উদ্দেশ্যমূলক বৃত্তি/স্কলারশিপের জন্য খোলা থাকবে

আবেদনের ভিত্তিতে বন্টন করা হবে।

সম্প্রদায় সহায়তা তহবিল (কমিউনিটি সাপোর্ট ফান্ড)

$500,000

› সম্প্রদায়ের সামর্থ্য এবং অন্তর্ভুক্তি গড়ে তোলায় সাহায্য করতে
› যুবকদের উন্নতিতে সহায়তা
› সম্প্রদায়ের দীর্ঘকালীন আরোগ্যলাভ এবং কল্যাণে সহায়তা
› অন্যান্যরা যদি দান করতে চান তবে দানের জন্য খোলা থাকবে।

THE CHRISTCHURCH FOUNDATION

The Christchurch Foundation
Level 3, BNZ Centre
101 Cashel Street, PO Box 17
Christchurch 8140, New Zealand

+64 27 620 3208
enquiries@christchurchfoundation.org.nz

শোনার প্রকল্প থেকে প্রাপ্ত চিন্তাভাবনা এবং পরামর্শ

সমস্ত ধরনের সমস্যাকে তুলে ধরার জন্য শোনার প্রকল্প একটি সুযোগ দিয়েছিল, যেগুলি প্রায়ই তহবিলের বন্টন-সংক্রান্ত ছিল না বরং সম্প্রদায়ের মধ্যবর্তী অসুবিধা সম্পর্কে ছিল। উদ্বেগের কথা তুলে ধরতে এটি জনগণের জন্য একটি নিরাপদ স্থান তৈরি করে।

এই আলাপ-আলোচনা থেকে এটি পরিষ্কার যে এই সম্প্রদায়কে সঠিকভাবে সাহায্য করতে এখনও অনেক কিছু করা বাকি, এবং পরবর্তী 12-15 মাসের মধ্যে তাঁদের আরও সাহায্যের প্রয়োজন হবে, বিশেষ করে পরের বছরে বিচারকার্যের সম্ভাব্য নেতিবাচক প্রভাবের কথা মাথায় রাখা হয়েছে।

মানুষকে সব সময় একটি সঠিক মাপের আতসকাচের তলায় রেখে প্রতিক্রিয়া যাচাই করতে হয়: যেমন একটি নির্দিষ্ট সম্প্রদায়ের উপরে আতঙ্কবাদী হামলার বাস্তবতা এবং পুজোর স্থানে নিরীহ ব্যক্তিদের উদ্দেশ্যমূলক গণহত্যা

একত্রিতকরণ এবং আত্তীকরণ সম্পর্কিত সমস্যা সামনে এসেছে, তার সাথে বর্ণবৈষম্য, ভেদাভেদ এবং কুসংস্কার বিষয়ক সমস্যাও স্পষ্টভাবে উঠে এসেছে। যতটাই বাধামূলক হোক না কেন, দীর্ঘকালীন আরোগ্যলাভের অংশ হিসাবে, এই সমস্যাগুলিকে জনসমক্ষে এবং গুরুত্বসহকারে আলোচনা করা দরকার।

নীচে কিছু মূল চিন্তাভাবনা এবং সুপারিশ দেওয়া হল যা সরকারি, বেসরকারি এবং স্বেচ্ছাসেবক/সম্প্রদায় ক্ষেত্রে বিবেচনা করা যেতে পারে কারণ আমরা একটি রাষ্ট্র হিসাবে কীভাবে ভবিষ্যতে হামলার মুখ থেকে ফিরে আসা ব্যক্তিদের এবং বৃহত্তর সম্প্রদায়কে সবথেকে ভালোভাবে সাহায্য করতে পারি তা বিবেচনা করি:

- সমস্ত সংস্থার সামনের সারিতে সাংস্কৃতিকভাবে উপযুক্ত কর্মীদের থাকা উচিত। এটি থেকে সম্প্রদায় বহু বছর ধরে এখনও দূরে থাকছে। এর অংশ হিসাবে, উপযুক্ত ভাষায় কথা বলতে পারেন এমন ব্যক্তিদের দরকার, কেবলমাত্র অস্থায়ী অনুবাদক হিসাবেই নয়, বরং বৃহত্তর প্রতিক্রিয়ার অংশ হিসাবে থাকা উচিত।
- এই কথা স্বীকার করতেই হবে যে, সিদ্ধান্ত নেওয়া এবং পারিবারিক চাহিদাগুলির ক্ষেত্রে সম্মিলিত পদ্ধতি ও এই সম্প্রদায়ের অতিরিক্ত দুর্বলতার কথা মাথায় রেখে, সম্প্রদায়-কেন্দ্রিক এবং নির্দিষ্টভাবে পরিকল্পিত প্রতিক্রিয়ার প্রয়োজন। এই সম্মিলিত পদ্ধতি মানসিক স্বাস্থ্য এবং মানসিক আঘাতে সহায়তার জন্যও আরও বেশি প্রয়োগ করা দরকার। এমন ব্যক্তি-কেন্দ্রিক এবং বহুবিষয়ক, হোয়ানাউ-কেন্দ্রিক পদ্ধতি হোয়ানাউওরা মডেলে রয়েছেই।
- মৃত এবং বুলেটে আঘাতপ্রাপ্ত আক্রান্ত ছাড়া, অনেক আক্রান্ত ব্যক্তিরা বর্তমান মানসিক আঘাতের প্রভাবের কথা জানিয়েছেন। চিকিৎসা করার ক্ষেত্রে এটি একটি বাধামূলক সমস্যা বলে ধরা হয়, পাশাপাশি এটি বৃহত্তর সম্প্রদায়ের ক্ষেত্রে একটি সত্যিকারের দীর্ঘকালীন ঝুঁকিও বটে। মানসিক স্বাস্থ্যে হামলার প্রভাবকে নিয়ন্ত্রণ করতে আরও বেশি শৃংখলাবদ্ধ এবং দীর্ঘকালীন পদ্ধতির বিষয়ে কিছু ভাবনাচিন্তা করা উচিত।
- রোজগারে সাহায্য করায় একটি ব্যক্তি-কেন্দ্রিক পদ্ধতি বিবেচনা করা দরকার, যেমন আক্রান্তদের ক্ষেত্রে 12-24 মাসের জন্য একটি ন্যূনতম সাপ্তাহিক রোজগার। মানুষের জীবনে যেহেতু নানানরকমের প্রভাব পড়েছে, তাই স্বাভাবিক অবস্থায় ফিরে আসার জন্য একটি তাৎপর্যপূর্ণ অংশ হল রোজগারের দুশ্চিন্তা দূর করা।
- আক্রান্তদের দীর্ঘকালীন আরোগ্যলাভ এবং সম্প্রদায়ের কল্যাণের ক্ষেত্রে সামাজিক সংযোগ একটি অপরিহার্য বিষয় হয়ে উঠবে। সাম্প্রতিক রিপোর্ট দেখায় যে, উৎখাত হওয়া, বিভক্ত এবং অসুখী সম্প্রদায়গুলি নেতিবাচক ফলাফলের ঝুঁকি বেশি বহন করে। স্বাভাবিক ছন্দে ফিরে আসার একটি শক্তিশালী উপায় এবং কল্যাণমূলক সাম্প্রদায়িক কাঠামোর উপরে জোর দেওয়াটাই একটি সঠিক প্রতিক্রিয়া হতে পারে।
- এমন দুর্বল সম্প্রদায়ের জন্য কাজ করার সময়ে নির্ভুল তথ্য গুরুত্বপূর্ণ। আতঙ্কবাদী হামলার মত ঘটনায়, সঠিক এবং ব্যক্তি-কেন্দ্রিক প্রক্রিয়া গড়ে তোলা উচিত। প্রত্যেক আক্রান্ত ব্যক্তি এবং তাঁর পারিবারিক সংযোগের জন্য একটিমাত্র কেস ফাইল বানানো উচিত এবং তা যে কোন সংশ্লিষ্ট প্রতিনিধি অথবা অনুমোদিত সংস্থা দেখতে/ব্যবহার করতে পারে, যেমন প্রাইভেসি কমিশনারের অনুমোদন সহ দ্য ক্রাইস্টচার্চ ফাউন্ডেশন।
- এই সম্প্রদায়কে প্রশিক্ষণ দেওয়া এবং কর্মসংস্থানের ব্যবস্থা করার মাধ্যমে বৈচিত্র্য ও অন্তর্ভুক্তিকরণকে সত্যিই প্রচার করার একটা সুযোগ এখন সমাজের সকল ক্ষেত্রের সামনে রয়েছে। অনেক প্রতিভা এবং শক্তি চোখের সামনে রয়েছে এবং তাদেরকে বেড়ে ওঠায় সাহায্য করাটা গুরুত্বপূর্ণ। প্রতিভাবান শরণার্থীদের ভাষার উদ্দেশ্যমূলক এবং জোরালো প্রশিক্ষণ এবং সরকারি ক্ষেত্রে তাদের অন্তর্ভুক্ত করা এর অংশ হতে পারে।

এর পরে কী ঘটবে

তহবিল বন্টন

শহীদ তহবিল: শহীদদের নিকটাত্মীয়দের যোগাযোগ তথ্য আমাদের কাছে ইতিমধ্যেই রয়েছে। শহীদ তহবিলের বন্টন ডিসেম্বরের মাঝামাঝি সময়ের মধ্যে করতে হবে।

বুলেটে আহতদের তহবিল: বুলেটে আঘাতপ্রাপ্ত আক্রান্তদের জন্য আমাদের কাছে ইতিমধ্যে যোগাযোগের তথ্য রয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব বন্টন করা হবে।

অবিরাম সহায়তা এবং প্রতিরক্ষা

দ্য ক্রাইস্টচার্চ ফাউন্ডেশন স্বীকার করছে যে শোনার প্রকল্পে কাজ করার মাধ্যমে, রাফ মানজি দ্য ফাউন্ডেশনের তরফ থেকে সম্প্রদায়টির সঙ্গে একটি দৃঢ়, বিশ্বাসমূলক সম্পর্ক গড়ে তুলেছেন। সুতরাং আমরা মেনে নিচ্ছি যে আসন্ন ভবিষ্যতের জন্য আক্রান্তদের এবং বৃহত্তর সম্প্রদায়কে রক্ষা করা এবং সহায়তা প্রদান করার ভূমিকা দ্য ক্রাইস্টচার্চ ফাউন্ডেশনকে অবিরাম পালন করতে হবে। এক্ষেত্রে যা কিছু দরকার সেই সবের জন্য কাজ চলছে। দুর্দান্ত কাজের জন্য আমরা রাফকেও ধন্যবাদ জানাই।



রাফ মানজি

রাফ মানজি দু'দফায় ক্রাইস্টচার্চ শহরের কাউন্সিলর হয়েছিলেন এবং ফাইনান্স কমিটির সভাপতির পদে আসীন ছিলেন। বর্তমানে তিনি এশিয়াNZ ফাউন্ডেশনের ট্রাস্টি এবং UN অ্যাসোসিয়েশন অফ নিউজিল্যান্ড ক্যান্টারবেরি চ্যারিটেবল ট্রাস্ট-এর সভাপতি। তিনি ভলান্টিয়ার আর্মি ফাউন্ডেশনের সভাপতি, পিলারস্ Inc-এর সহ-সভাপতির পদে কাজ করেছেন এবং ক্রাইস্টচার্চ বাজেট সার্ভিসেস এবং রিফিউজি রিসেট্‌লমেন্ট সার্ভিসেস-এর স্বেচ্ছাসেবক ছিলেন।